

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ২, ২০১৬

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়মে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

## প্রজ্ঞাপন

তারিখ: ০৯ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/২৩ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ৭১-আইন/২০১৬।—ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে মহাপরিচালক, সরকারের পুর্বানুমোদনক্রমে, ব্যাটালিয়ন আনসার প্রবিধানমালা, ১৯৯৬ এর নিম্নরূপ সংশোধন করিলেন,  
যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(১) প্রবিধান ৩ এর উপ-প্রবিধান (২) এর দফা (ক), (খ), (গ), (ঘ) ও (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক), (খ), (গ), (ঘ), (ঙ) ও (চ) প্রতিস্থাপিত হইবে,  
যথা:—

“(ক) বয়স: ১৮-২২ বৎসর;

(খ) শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;

(গ) উচ্চতা (সর্বনিম্ন): অ-উপজাতি পুরুষের ক্ষেত্রে ১.৬৭৬ মিটার (৫ ফুট ৬ ইঞ্চি) ও উপজাতি পুরুষের ক্ষেত্রে ১.৬২৫ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) এবং অ-উপজাতি মহিলার ক্ষেত্রে ১.৫৭০ মিটার (৫ ফুট ২ ইঞ্চি) ও উপজাতি মহিলার ক্ষেত্রে ১.৫৪৯ মিটার (৫ ফুট ১ ইঞ্চি);

(৬৩২৫)  
মূল্য : টাকা ৮.০০

- (ঘ) ওজন: অ-উপজাতি পুরুষের ক্ষেত্রে ৪৯.৮৯৫ কেজি (১১০ পাউন্ড) ও উপজাতি পুরুষের ক্ষেত্রে ৪৭.১৭৩ কেজি (১০৪ পাউন্ড) এবং অ-উপজাতি মহিলার ক্ষেত্রে ৪৮.৪৫১ কেজি (৯৮ পাউন্ড) ও উপজাতি মহিলার ক্ষেত্রে ৪৩.৫৪৫ কেজি (৯৬ পাউন্ড);
- (ঙ) বুকের মাপ: অ-উপজাতি পুরুষের ক্ষেত্রে ৮১.২৮-৮৬.৩৬ সে.মি. (৩২-৩৪ ইঞ্চি), এবং উপজাতি পুরুষের ক্ষেত্রে ৭৬.২-৮১.২৮ সে.মি. (৩০-৩২ ইঞ্চি);
- (চ) দৃষ্টি শক্তি: ৬/৬ ।”;
- (২) অবিধান ৪ এর—
- (ক) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:—
- “(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণের মূল বা সাময়িক সনদপত্র;”;
- (খ) দফা (চ) এর শেষ প্রান্তগত্তি দাঁড়ি চিহ্নের পরিবর্তে সেমি-কোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নৃতন দফা (ছ) সংযোজিত হইবে, যথা:—
- “(ছ) প্রার্থী অবিবাহিত মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা ক্ষেত্রমত পৌরসভার চেয়ারম্যান বা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সনদপত্র।”।

মেজর জেনারেল  
মোঃ নাজিম উদ্দীন, পিএসসি  
মহাপরিচালক  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।